জীবননগরে ১৮জন গৃহহীনদের জমিসহ বাড়ির চাবি হস্তান্তর

মুজিববর্ষ উপলক্ষে সারাদেশের ন্যায় জীবননগরে ১৮জন গৃহহীনদের জমিসহ বাড়ির চাবি হস্তান্তর করা হয়েছে।

গতকাল শনিবার সকাল সাড়ে ১০টার সময় চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার ১৮জন ভুমিহীন ও গৃহহীন ব্যাক্তিদের মাঝে মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনার উপহার হিসাবে জমিসহ বাড়ির চাবি হস্তান্তর করা হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকনের সভাপতিত্বে জীবননগর উপজেলা পরিষদের হলরুমে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে আনুষ্ঠানিক ভাবে জমিসহ বাড়ির চাবি হস্তান্তর করেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাজি হাফিজুর রহমান, জীবননগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি গোলাম মোর্তুজা, সাবেক উপজেলা চেয়ারম্যান আবু মোঃ আঃ লতিফ অমল,জীবননগর উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক নজরুল ইসলাম,

জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা, মহিলা ভাইস আয়েসা সুলতানা লাকী, মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন, বাকা ইউপি চেয়ারম্যান আব্দুল কাদের প্রধানসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

দামুড়হুদা উপজেলায় ভূমিহীন ও গৃহহীন পরিবারের মাঝে গৃহ

হস্তান্তর

মুজিববর্ষ উপলক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা’র উপহার ভূমিহীন ও গৃহহীণ পরিবারকে জমি ও গৃহ প্রদান অনুষ্ঠান।

গতকাল শনিবার ২৩ জানুয়ারী সকাল সাড়ে ১০ টার সময় ভার্চুয়াল আলোচনা সভার মাধ্যমে শুভ উদ্বোধন করেন মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে গণভবন হতে দেশের ৬৪ জেলার ৪৯২টি উপজেলার সঙ্গে সংযুক্ত হয়ে ৬৬ হাজার ১শত ৮৯ পরিবার কে ভূমিহীন ও গৃহহীনকে ঘর প্রদান কার্যক্রমের প্রথম পর্যায়ের উদ্বোধন করেন।

সকল ঘরে বিদ্যুৎ ও সুপেয় পানি সরবরাহের বন্দোবস্ত করা হয়েছে। প্রতিটি জমি ও বাড়ির মালিকানা স্বামী-স্ত্রীর যৌথ নামে দেওয়া হয়েছে। দেশের গৃহহীন প্রতিটি মানুষ ঘর না পাওয়া পর্যন্ত এই কার্যক্রম চলমান থাকবে।

দামুড়হুদা উপজেলা সভাকক্ষে,মুজিববর্ষ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কতৃক ভুমিহীন ও গৃহহীন পরিবারকে জমি ও গৃহ প্রদান, অনুষ্ঠানে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক জেলা প্রশাসক ও দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ মাহাফুজুর রহমান মন্জু, দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সুদীপ্ত সিংহ, দামুড়হুদা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান মোছাঃ সাহিদা খাতুন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের সদস্য ও দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ শফিউল কবির ইউসুফ, দামুড়হুদা উপজেলা আওয়ামী যুবলীগের সাধারণ সম্পাদক ও দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী মোঃ হযরত আলী সহ আরো অনেকে।

উক্ত অনুষ্ঠানে দামুড়হুদা উপজেলায় মোট ৩২ টি পরিবারের মাঝে হস্তান্তর করা হয় মাননীয় প্রধানমন্ত্রী কতৃক বিশেষ এই উপহার।

মুজিববর্ষে প্রধানমন্ত্রীর ঘর পেল চুয়াডাঙ্গায় গৃহহীন ১৩৪ পরিবার

মুজিববর্ষ উপলক্ষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক চুয়াডাঙ্গায় গৃহহীন ১৩৪টি পরিবারকে জমিসহ ঘর প্রদান করা হয়েছে। শনিবার সকাল ১০টায় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ কার্যক্রমের শুভ উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার, জেলা পরিষদের চেয়ারম্যান শেখ সামসুল আবেদিন খোকন, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) আবু তারেক, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সাজিয়া আফরিন প্রমুখ।

বরাদ্দকৃত ঘরের মধ্যে চুয়াডাঙ্গা সদরে ৩৪টি, আলমডাঙ্গায় ৫০টি, দামুড়হুদায় ৩২টি ও জীবননগরে ১৮টি রয়েছে। এছাড়াও চুয়াডাঙ্গা জেলায় আরো ৯৯৭টি ঘর নির্মাণ করে মুজিববর্ষের মধ্যে প্রদান করা হবে বলে জানান জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার।

চুয়াডাঙ্গায় গৃহহীনদের মাঝে ভূমিসহ গৃহ প্রদান

আশ্রয়নের অধিকার শেখ হাসিনার উপহার এই শ্লোগানকে সামনে রেখে শনিবার সকাল সাড়ে নয়টার সময় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে গৃহহীনদের মাঝে ভূমি ও গৃহ প্রদান কার্যক্রমের উদ্বোধন করা হয়।

ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই কার্যক্রমের উদ্বোধন করেন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

মুজিব বর্ষ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ভূমিহীন এবং গৃহহীনদের মাঝে ভূমিসহ গৃহ প্রদান কার্যক্রমের প্রথম পর্যায়ের চুয়াডাঙ্গা জেলাতে ১৩৪ জন গৃহহীন এবং ভূমিহীনদের মাঝে গৃহ এবং ভূমি প্রদান করা হয়। চুয়াডাঙ্গা সদর উপজেলায় ৩৪ জনকে এই ভূমি এবং গৃহ প্রদান করা হয়।

ভূমি এবং গৃহের দলিল ও চাবি তুলে দেয়ার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার, উপজেলা নির্বাহী অফিসার সাদিকুর রহমান, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) আবু তারেক, উপজেলা চেয়ারম্যান আসাদুল হক বিশ্বাস প্রমুখ।

আলমডাঙ্গা ফুটবল খেলোয়াড় কল্যাণ সমিতির সম্পাদক মধুকে বহিষ্কার

আলমডাঙ্গা উপজেলা ফুটবল খেলোয়াড় কল্যাণ সমিতির জরুরী সভা অনুষ্ঠিত হয়েছে ।

গতকাল সন্ধ্যায় এই জরুরী সভায় আলমডাঙ্গা উপজেলা ফুটবল খেলোয়াড় কল্যাণ সমিতির সকল সদস্যের সিদ্ধান্ত মোতাবেক সাধারণ সম্পাদক মিজানুর রহমান মধুকে সাময়িকভাবে অব্যাহতি দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

উল্লেখ্য যে, কিছুদিন আগে রাষ্ট্র বিরোধী কার্যকলাপের অভিযোগে র্যাবের হাতে ঢাকায় গ্রেফতার হওয়ার পরিপ্রেক্ষিতে এই সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

আলোচনা সভায় উপস্থিত ছিলেন আলমডাঙ্গা ফুটবল খেলোয়াড় কল্যাণ সমিতির প্রধান উপদেষ্টা জনাব শেখ শরিফুল ইসলাম, সভাপতি জনাব

এ্যাডঃ সিরাজুল ইসলাম লাল্টু, সহ-সভাপতি কাজী আলী আজগর সাচ্চু, সহ-সভাপতি প্রভাষক মিজানুর রহমান মিজা, যুগ্ম-সাধারণ সম্পাদক মীর আসাদুজ্জামান উজ্জ্বল, কোষাধ্যক্ষ সালাউদ্দিন গিলবার্ট, সাংগঠনিক সম্পাদক হাসান রেজা মুন্না, প্রচার সম্পাদক মনিরুজ্জামান, দপ্তর সম্পাদক শেখ জুয়েল, সদস্য- শাহীন, সানিসহ আরো অনেকে।

সভায় সিদ্ধান্ত মোতাবেক উক্ত সাধারণ সম্পাদক পদে সাময়িকভাবে দায়িত্ব পালন করবেন যুগ্ম-সাধারণ সম্পাদক মীর আসাদুজ্জামান উজ্জ্বল।
উক্ত সিদ্ধান্ত চুয়াডাঙ্গা জেলা খেলোয়াড় কল্যাণ সমিতি বরাবর পাঠানো হয়েছে।

দামুড়হুদায় জমিজমা সংক্রান্ত বিরোধে সংঘর্ষ, মহিলাসহ আহত ৪

দামুড়হুদা উপজেলার উত্তর চাঁদপুর গ্রামে জমিজমা সংক্রান্ত বিরোধের জের ধরে প্রতিপক্ষের হামলায় নারীসহ ৪ জন আহত হয়েছে। আহত ব্যক্তিরা চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি রয়েছে।

আহতরা হলেন দামুড়হুদা উত্তর চাঁদপুর গ্রামের শওকত আলীর ছেলে মুন্নাফ আলী (৪০), নাজমুলের স্ত্রী ময়না খাতুন (২৫), শওকত আলীর স্ত্রী হারিছন (৬০), লিটনের স্ত্রী নাহিদা খাতুন (২৫)।

দামুড়হুদা মডেল থানায় মামলার প্রস্তুতি চলছে। গতকাল শুক্রবার বিকাল সাড়ে ৩ টার দিকে এঘটনা ঘটে।

অভিযোগ সূত্রে জানা যায়, দামুড়হুদা সদর ইউনিয়নের উত্তর চাঁদপুর গ্রামের শওকত আলীর ছেলে মুন্নাফ আলী দোকান হতে বাড়ি ফেরার পথে পূর্ব শত্রুতার জের ধরে একই গ্রামের আলফার ছেলে ইসরাফিল, জাহাঙ্গীর, আলম ও আলমের ছেলে মিরাজুল, জাহাঙ্গীরের ছেলে সাদিকুর, হঠাৎ বাঁশের লাঠি, লোহার শাবল, রামদা দিয়ে মারপিট করতে থাকে।

পরে পরিবারের লোকজন মুন্নাফ কে বাঁচাতে এগিয়ে আসলে নাজমুলের স্ত্রী ময়না খাতুন,শওকত আলীর স্ত্রী হারিছন, লিটনের স্ত্রী নাহিদা খাতুনকে বেধড়ক পিটাতে থাকে। এমতাবস্থায় তারা রক্তাত ভাবে রাস্তার উপরে লুটিয়ে পড়লে স্থানীয় লোকজন তাদের কে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করেন।

এব্যাপারে লিটন বাদী হয়ে দামুড়হুদা মডেল থানায় একটি অভিযোগ দায়ের করেন।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি আব্দুল খালেক বলেন, উত্তর চাঁদপুর গ্রামে একটি মারামারি ঘটনা ঘটেছে। লিটন আলী বাদী হয়ে একটি অভিযোগ দায়ের করেছে। অভিযোগের ভিত্তিতে তদন্ত করে দোষীদের বিরুদ্ধে দূরত্ব ব্যবস্থা নেওয়া হবে।

আলমডাঙ্গা পৌর আওয়ামী লীগের বর্ধিত সভা

আলমডাঙ্গা পৌর আওয়ামী লীগের উদ্যোগে দলীয় কার্যালয়ে বর্ধিত সভা অনুষ্টিত হয়েছে। গতকাল বেলা ১১ টার দিকে উপজেলা আওয়ামী লীগের কার্যালয়ে এ সভায় সভাপতিত্ব করেন, পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সভাপতি পৌর মেয়র হাসান কাদীর গনু।

এ সময় প্রধান অতিথি বলেন, আমি হাসান কাদীর গনু একজন ব্যক্তি, কিন্তু নৌকা আমাদের সকলের। দলীয় নেন্ত্রী শেখ হাসিনা আমাকে নৌকা দিয়েছেন, আমি নেন্ত্রীর কাছে কৃতজ্ঞ, আমার নেতা সোলায়মান হক জোয়ার্দার ছেলেন এপির কাছে কৃতজ্ঞ এবং আলমডাঙ্গা পৌর আওয়ামী লীগের সকল নেতা কর্মীর কাছেও আমি কৃতজ্ঞ। আমি মনে করি আমরা যে কয়জন দলের কাছে মনোনয়ন চেয়েছিলাম, তারা সকলেই মনোনয়ন পাওয়ার যোগ্য।

তবুও দলীয় মনোনয়ন বোর্ড আমাকে মনোনয়ন দিয়েছে, আশা করি আপনারা সকলেই দলের সিদ্ধান্ত মেনে নিয়ে ১৪ ফেব্রুয়ারির পৌর সভা

নির্বাচনে নৌকার পক্ষে কাজ করবেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি প্রশান্ত অধিকারি, জেলা বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক সহিদুল ইসলাম খান, উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, সহ-সভাপতি আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা, যুগ্ম-সম্পাদক কাজী রবিউল হক, সাংগাঠনিক সম্পাদক কাজী খালেদুর রহমান অরুন।

পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান ফারুকের উপস্থাপনায় বক্তব্য রাখেন, জেলা আওয়ামী লীগের সদস্য শাহ আলম, সিরাজুল ইসলাম, পৌর যুগ্ম-সম্পাদক সাইফুর রহমান পিন্টু, সহ-সভাপতি ডাঃ অমল কুমার বিশ্বাস, আমিনুল হক মোল্লা, সিরাজুল ইসলাম, রেজাউল হক তবা, মজিবুল হক, মহিদুল ইসলাম মুহিদ, উৎপল, দ্বীনেস কুমার বিশ্বাস, পরিমল কুমার, জাহাঙ্গীর আলম, শহিদুল হক মোল্লা, শাফায়েতুল্লা, কামাল হোসেন, সোনা উল্লা, পৌর ছাত্র লীগের সভাপতি নয়ন সরকার, শাহিন, সাকিব, অটলসহ সকল ওয়ার্ড কমিটির সভাপতি সম্পাদক বৃন্দ।

জীবননগরে হাসাদাহ সাহিত্য পরিষদের শপথ অনুষ্ঠান

জীবননগর উপজেলার হাসাদাহ সাহিত্য পরিষদের শপথ পাঠ অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার বিকালে হাসাদাহ প্রেস ক্লাবে এ শপথ পাঠ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের প্রথমে কোরআন তেলোয়াত করেন ডাক্তার মন্সী কবির হোসেন। এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেহে শপথ পাঠ করান গ্রন্থণা ও প্রকাশনা বিষয়ক সাবেক সদস্য ফরিদা পারভীন। হাসাদাহ সাহিত্য পরিষদের প্রধান উপদেষ্টা শুকুর আলী মন্ডল, উপদেষ্টা সদস্য জুম্মাত আলী মন্ডল, উপদেষ্টা সদস্য মিন্টু মিয়া ও সকল সদস্য শপথ বাক্য পাঠ করেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন সাংবাদিক চাষী রমজান, মুসলিমা প্রধান সুমি, আব্দুল মোতালেব, কবির আহম্মদ, শ্রী নিতাই চন্দ সেন, সৈয়দ হোসেন, জাহিদুল হাসান, আব্দুস সালাম আল ফারুক।

এছাড়াও উপস্থিত ছিলেন সামসুল আলম, বদরুজ্জামান শ্যামল, মনিরুজ্জামান রিপন, আল আমিন, সারমিন সুলতানা সান্তা, লিমন হুসাইন, আরিফ হোসেনসহ সকল সদস্য।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, হাসাদাহ সাহিত্য পরিষদের প্রতিষ্ঠাতা ডিএম মতিয়ার রহমান। সার্বিক পরিচালনা করেন হাসাদাহ সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক আব্দুল মোতালেব মাস্টার।

আলমডাঙ্গায় ৫ মাদকসেবীকে জরিমানা

আলমডাঙ্গায় মাদক সেবনের দায়ে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে ৫ জনকে ৪৭ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

গত বৃহস্পতিবার রাতে উপজেলা নির্বাহী অফিসার লিটন আলি ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে তাদের এ জরিমানা করে।

জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার খাসকররা ইউনিয়নের খাসকররা গ্রামের দক্ষিণ পাড়ার মাঠের মধ্যে প্রতিদিন সন্ধ্যায় মাদক সেবিদের আনাগোনা দেখা যায়।

এমন সংবাদের ভিত্তিতে তিয়রবিলা ফাঁড়ি পুলিশের আইসি সুব্রত বিশ্বাস সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন।

এ সময় পরিত্যক্ত বাড়ি থেকে মদ সেবনের সময় ৫ জনকে আটক করে। আটকের বিষয়ে আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার লিটন আলিকে অবগত করেন। পরে নির্বাহী অফিসার ঘটনাস্থলে উপস্থিত হয়ে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

আদালতের মাধ্যমে খাসকররা গ্রামের উজ্জল আলির ছেলে ইকবালকে ১০

হাজার টাকা, মৃত আকবারের ছেলে আশাদুলকে ৫ হাজার টাকা, সিরাজুল ইসলামের ছেলে মহাম্মদ আলিকে ১২ হাজার টাকা, চাঁদ মোল্লার ছেলে সাগরকে ১০ হাজার টাকা, মান্নান হোসেনের ছেলে তরিকুলকে ১০ হাজার টাকা জরিমানা করেন।

মোট ৫ জনকে ৪৭ হাজার টাকা জরিমানা করেন ভ্রাম্যমাণ আদালত।

আলমডাঙ্গায় ৫নং ওয়ার্ড কাউন্সিলর গাফ্ফারের নির্বাচনী গণসংযোগ

আলমডাঙ্গার এরশাদপুর ৫ নং ওয়ার্ডে আসন্ন পৌরসভা নির্বাচনে কাউন্সিলর পদ-প্রার্থী আব্দুল গাফ্ফারের গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকাল ৫ টার দিকে এরশাদপুর গ্রামের বিভিন্ন পাড়া ও মহল্লায় গণসংযোগ করেন।

এ সময় কাউন্সিলর প্রার্থী আব্দুল গাফ্ফার ওয়ার্ড বাসীর সাথে কুশোল বিনিময় ও ভোট চান ।

গণসংযোগে উপস্থিত ছিলেন আরিফ, আসাবুল, লতিফ, মনিরুদ্দিন, ইসরাইল হোসেন, বেল্টু, মুকুল, কছিমদ্দিন, আব্দুর রশিদ, মারজুল, রেজাউল, মানিক মালিতা, রতন মালিতা, লাল্টু, সিহাব, সাকিব, রুহুল, নাইমুর, আশিক, আলিফ, মানিক, প্রমুখ।